وَتَثْنِيَتُهُمَا	اَضْرَبَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُذَكَّرْ
	وَ ضُرْبَيَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُؤَنَّثْ
وَالْجَمْعُ مِنْهُمَا	اَضْرَبُوْنَ	اِسْمِ تَفْضِيْلْ جَمْع مُذَكَّرِ سَالِمْ
	وَ اَضَارِبُ	اِسْمِ تَفْضِيْلْ جَمْع مُذَكَّرِ مُكَسَّرْ
	وَ ضُرَبٌ	اِسْمِ تَفْضِيْلِ جَمْع مُؤَنَّثِ مُكَسَّرْ
	وَ ضُرْبَيَاتٌ	اِسْمِ تَفْضِيْلْ جَمْع مُؤَنَّثِ سَالِمْ

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْيٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِي	অর্থ	مَصْدَرٌ
ضَارِبٌ	لَا تَضْرِبْ	اِضْرِبْ	يَضْرِبُ	ضَرَبَ	প্রহার করা	اَلضَّرْبُ
غَاسِلٌ	لَا تَغْسِلْ	اِغْسِلْ	يَغْسِلُ	غَسَلَ	ধৌত করা	اَلْغَسْلُ
عَارِفٌ	لَا تَعْرِفْ	اِعْرِفْ	يَعْرِفُ	عَرَفَ	জানা/চেনা	اَلْمَعْرِفَةُ
عَارِضٌ	لَا تَعْرِضْ	اِعْرِضْ	يَعْرِضُ	عَرَضَ	পেশ করা	اَلْعَرْضُ
حَاذِفٌ	لَا تَحْذِفْ	اِحْذِفْ	يَحْذِفُ	حَذَفَ	বিলুপ্ত করা	اَلْحَذْفُ
غَافِرٌ	لَا تَغْفِرْ	اِغْفِرْ	يَغْفِرُ	غَفَرَ	ক্ষমা করা	اَلْمَغْفِرَةُ
فَاصِلٌ	لَا تَفْصِلْ	اِفْصِلْ	يَفْصِلُ	فَصَلَ	পৃথক করা	اَلْفَصْلُ
خَاتِمٌ	لَا تَخْتِمْ	اِخْتِمْ	يَخْتِمُ	خَتَمَ	শেষ করা	اَلْخَتْمُ
ظَالِمٌ	لَا تَظْلِمْ	اِظْلِمْ	يَظْلِمُ	ظَلَمَ	অত্যাচার করা	اَلظُّلْمُ
غَارِسٌ	لَا تَغْرِسْ	اِغْرِسْ	يَغْرِسُ	غَرَسَ	রোপণ করা	اَلْغَرْسُ
جَالِسٌ	لَا تَجْلِسْ	اِجْلِسْ	يَجْلِسُ	جَلَسَ	বসা	اَلْجُلُوْسُ
غَالِبٌ	لَا تَغْلِبْ	اِغْلِبْ	يَغْلِبُ	غَلَبَ	জয়লাভ করা	اَلْغَلَبُ
كَاذِبٌ	لَا تَكْذِبْ	اِكْذِبْ	يَكْذِبُ	كَذَبَ	মিথ্যা বলা	اَلْكِذْبُ
كَاسِبٌ	لَا تَكْسِبْ	اِكْسِبْ	يَكْسِبُ	كَسَبَ	আয় করা	اَلْكَسْبُ

اَلْبَابُ الثَّالِثُ : তৃতীয় বাব

فَعِلَ ، يَفْعَلُ (سَمِعَ، يَسْمَعُ)

এ باب-এর فعل ماضى معروف টি যেরবিশিষ্ট হবে এবং فعل مضارع معروف-এর عين كلمة টি যবরবিশিষ্ট হবে। যথা- اَلسَّمْعُ وَالسَّمَاعَةُ - শ্রবণ করা, কান পেতে রাখা।

صَرْفِ صَغِيْرْ		بَحْثْ	صَرْفِ صَغِيْرْ		بَحْثْ
	سَمِعَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف		مَسْمَعَانِ	اِسْمِ ظَرْف تَثْنِيَةْ
	يَسْمَعُ	مُضَارِعْ مَعْرُوْف	وَتَثْنِيَتُهُمَا	ومِسْمَعَانِ	اِسْمِ اَلَةْ تَثْنِيَةْ صُغْرَى
	سَمْعًا	مَصْدَرْ			
فهو :	سَامِعٌ	اِسْمِ فَاعِلْ	وَالْجَمْعُ مِنْهُمَا	مَسَامِعُ	اِسْمِ ظَرْف جَمْع اِسْمِ اَلَهْ جَمع صُغْرَى، وُسْطَى
	و سُمِعَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ			
	يُسْمَعُ	مُضَارِعْ مَجْهُوْلْ		ومَسَامِيْعُ	اِسْمِ اَلَهْ جَمْعْ كُبْرَى
	سَمْعًا	مَصْدَرْ	افعل التفضيل منه :	اَسْمَعُ	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُذَكَّرْ
فهو :	مَسْمُوْعٌ	اِسْمِ مَفْعُوْل	والمؤنث منه :	سُمْعَى	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُؤَنَّثْ
الامر منه :	اِسْمَعْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف		اَسْمَعَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُذَكَّرْ
والنهى عنه :	لَا تَسْمَعْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف	وَتَثْنِيَتُهُمَا	و سُمْعَيَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُؤَنَّثْ
الظرف منه :	مَسْمَعٌ	اِسْمِ ظَرْف			
			وَالْجَمْعُ مِنْهُمَا	اَسْمَعُوْنَ	اِسْمِ تَفْضِيْلْ جَمْع مُذَكَّرِ سَالِمْ
والآلة منه	مِسْمَعٌ	اِسْمِ اَلَةْ وَاحِدِ صُغْرَى		و اَسَامِعُ	اِسْمِ تَفْضِيْلْ جمع مُذَكَّرِ مُكَسَّرْ
	و مِسْمَعَةٌ	اِسْمِ اَلَةْ وَاحِدِ وُسْطَى		و سُمَعٌ	اِسْمِ تَفْضِيْلِ جمع مُؤَنَّثِ مُكَسَّرْ
	و مِسْمَاعٌ	اِسْمِ اَلَةْ وَاحِدِ كُبْرَى		وسُمْعَيَاتٌ	اِسْمِ تَفْضِيْلْ جمع مُؤَنَّثِ سَالِمْ

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْيٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِي	অর্থ	مَصْدَرٌ
عَالِمٌ	لاَ تَعْلَمْ	اِعْلَمْ	يَعْلَمُ	عَلِمَ	অবগত হওয়া	اَلْعِلْمُ
حَافِظٌ	لاَ تَحْفَظْ	اِحْفَظْ	يَحْفَظُ	حَفِظَ	মুখস্থ করা	اَلْحِفْظُ
جَاهِلٌ	لاَ تَجْهَلْ	اِجْهَلْ	يَجْهَلُ	جَهِلَ	অজ্ঞ থাকা	اَلْجَهْلُ
حَامِدٌ	لاَ تَحْمَدْ	اِحْمَدْ	يَحْمَدُ	حَمِدَ	প্রশংসা করা	اَلْحَمْدُ
فَاهِمٌ	لاَ تَفْهَمْ	اِفْهَمْ	يَفْهَمُ	فَهِمَ	বুঝা	اَلْفَهْمُ
غَاضِبٌ	لاَ تَغْضَبْ	اِغْضَبْ	يَغْضَبُ	غَضِبَ	রাগান্বিত হওয়া	اَلْغَضَبُ
شَاهِدٌ	لاَ تَشْهَدْ	اِشْهَدْ	يَشْهَدُ	شَهِدَ	সাক্ষ্য দেয়া	اَلشَّهَادَةُ
بَاخِلٌ	لاَ تَبْخَلْ	اِبْخَلْ	يَبْخَلُ	بَخِلَ	কৃপণতা করা	اَلْبُخْلُ
فَارِحٌ	لاَ تَفْرَحْ	اِفْرَحْ	يَفْرَحُ	فَرِحَ	খুশি হওয়া	اَلْفَرْحُ
حَازِنٌ	لاَ تَحْزَنْ	اِحْزَنْ	يَحْزَنُ	حَزِنَ	দুঃখিত হওয়া	اَلْحُزْنُ
عَاطِشٌ	لاَ تَعْطَشْ	اِعْطَشْ	يَعْطَشُ	عَطِشَ	পিপাসা অনুভব করা	اَلْعَطْشُ
جَاهِرٌ	لاَ تَجْهَرْ	اِجْهَرْ	يَجْهَرُ	جَهِرَ	স্পষ্ট করে বলা	اَلْجَهْرُ
يَابِسٌ	لاَ تَيْبَسْ	اِيْبَسْ	يَيْبَسُ	يَبِسَ	শুকিয়ে যাওয়া	اَلْيَبْسُ
سَالِمٌ	لاَ تَسْلَمْ	اِسْلَمْ	يَسْلَمُ	سَلِمَ	নিরাপদ হওয়া	اَلسَّلاَمَةُ
رَاكِبٌ	لاَ تَرْكَبْ	اركب	يَرْكَبُ	رَكِبَ	আরোহণ করা	اَلرُّكُوْبُ
شَارِبٌ	لاَ تَشْرَبْ	اِشْرَبْ	يَشْرَبُ	شَرِبَ	পান করা	اَلشُّرْبُ

اَلْبَابُ الرَّابِعُ : চতুর্থ বাব

فَعَلَ ، يَفْعَلُ (فَتَحَ يَفْتَحُ)

এ باب-এর فعل ماضى معروف এবং فِعْل مُضَارِع مَعْرُوْف উভয়ের عين كلمة টি مفتوح অর্থাৎ, যবরবিশিষ্ট হবে। যথা- اَلْفَتْحُ - খুলে দেয়া।

صَرْفِ صَغِيْرْ	بَحْثْ	صَرْفِ صَغِيْرْ		بَحْثْ
فَتَحَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْفْ	وَتَثْنِيَتُهُمَا	مَفْتَحَانِ	اِسْمِ ظَرْفْ تَثْنِيَةْ
يَفْتَحُ	مُضَارِعْ مَعْرُوْفْ		و مِفْتَحَانِ	اِسْمِ اَلَهْ تَثْنِيَةْ صُغْرَى
فَتْحًا	مَصْدَرْ	وَالْجَمْعُ مِنْهُمَا	مَفَاتِحُ	اِسْمِ ظَرْفْ جَمْع اِسْمِ اَلَهْ جَمع صُغْرَى، وُسْطى
فهو : فَاتِحٌ	اِسْمِ فَاعِلْ			
و فُتِحَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ		و مَفَاتِيْحُ	اِسْمِ اَلَهْ جَمْعْ كُبْرَى
يُفْتَحُ	مُضَارِعْ مَجْهُوْلْ	افعل التفضيل منه :	اَفْتَحُ	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُذَكَّرْ
فَتْحًا	مَصْدَرْ	والمؤنث منه :	فُتْحٰى	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُؤَنَّثْ
فهو : مَفْتُوْحٌ	اِسْمِ مَفْعُوْل	وَتَثْنِيَتُهُمَا	اَفْتَحَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُذَكَّرْ
الامر منه : اِفْتَحْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْفْ		و فُتْحَيَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُؤَنَّثْ
والنهى عنه : لاَ تَفْتَحْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْفْ	وَالْجَمْعُ مِنْهُمَا	اَفْتَحُوْنَ	اِسْمِ تَفْضِيْلْ جَمْع مُذَكَّرِ سَالِمْ
الظرف منه : مَفْتَحٌ	اِسْمِ ظَرْفْ			
والآلة منه مِفْتَحٌ	اِسْمِ اَلَةْ وَاحِدِ صُغْرَى		و اَفَاتِحُ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُذَكَّرِ مُكَسَّرْ
و مِفْتَحَةٌ	اِسْمِ اَلَةْ وَاحِدِ وُسْطى		و فُتَحٌ	اِسْمِ تَفْضِيلِ جَمع مُؤَنَّثِ مُكَسَّرْ
و مِفْتَاحٌ	اِسْمِ اَلَةْ وَاحِدِ كُبْرَى		و فُتْحَيَاتٌ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُؤَنَّثِ سَالِمْ

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

إِسْمُ الْفَاعِلِ	نَهْيٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِي	অর্থ	مَصْدَرٌ
ذَاهِبٌ	لاَ تَذْهَبْ	اِذْهَبْ	يَذْهَبُ	ذَهَبَ	গমন করা	اَلذَّهَابُ
سَائِلٌ	لاَ تَسْأَلْ	اِسْأَلْ	يَسْأَلُ	سَأَلَ	প্রশ্ন করা	اَلسُّؤَالُ
قَارِئٌ	لاَ تَقْرَأْ	اِقْرَأْ	يَقْرَأُ	قَرَأَ	পড়া	اَلْقِرَاءَةُ
مَانِعٌ	لاَ تَمْنَعْ	اِمْنَعْ	يَمْنَعُ	مَنَعَ	বাধা দেয়া	اَلْمَنْعُ
جَارِحٌ	لاَ تَجْرَحْ	اِجْرَحْ	يَجْرَحُ	جَرَحَ	আঘাত করা	اَلْجَرْحُ
نَاجِحٌ	لاَ تَنْجَحْ	اِنْجَحْ	يَنْجَحُ	نَجَحَ	কৃতকার্য হওয়া	اَلنَّجَاحُ
لاَعِنٌ	لاَ تَلْعَنْ	اِلْعَنْ	يَلْعَنُ	لَعَنَ	অভিশাপ দেয়া	اَللَّعْنُ
زَارِعٌ	لاَ تَزْرَعْ	اِزْرَعْ	يَزْرَعُ	زَرَعَ	চাষ করা	اَلزَّرْعُ
قَاطِعٌ	لاَ تَقْطَعْ	اِقْطَعْ	يَقْطَعُ	قَطَعَ	কাটা	اَلْقَطْعُ
بَادِئٌ	لاَ تَبْدَأْ	اِبْدَأْ	يَبْدَأُ	بَدَأَ	শুরু হওয়া	اَلْبَدْءُ
ظَاهِرٌ	لاَ تَظْهَرْ	اِظْهَرْ	يَظْهَرُ	ظَهَرَ	প্রকাশ পাওয়া	اَلظُّهُوْرُ
نَاصِحٌ	لاَ تَنْصَحْ	اِنْصَحْ	يَنْصَحُ	نَصَحَ	উপদেশ দেয়া	اَلنُّصْحُ
مَادِحٌ	لاَ تَمْدَحْ	اِمْدَحْ	يَمْدَحُ	مَدَحَ	প্রশংসা করা	اَلْمَدْحُ
جَاحِدٌ	لاَ تَجْحَدْ	اِجْحَدْ	يَجْحَدُ	جَحَدَ	অস্বীকার করা	اَلْجُحُوْدُ
رَافِعٌ	لاَ تَرْفَعْ	اِرْفَعْ	يَرْفَعُ	رَفَعَ	উঠানো	اَلرَّفْعُ
دَافِعٌ	لاَ تَدْفَعْ	اِدْفَعْ	يَدْفَعُ	دَفَعَ	দূর করা	اَلدَّفْعُ
جَاعِلٌ	لاَ تَجْعَلْ	اِجْعَلْ	يَجْعَلُ	جَعَلَ	করা/বানানো	اَلْجَعْلُ

اَلْبَابُ الْخَامِسُ : পঞ্চম বাব

فَعُلَ ، يَفْعُلُ (كَرُمَ ، يَكْرُمُ)

এ باب-এর فعل ماضى معروف এবং فعل مضارع معروف উভয়ের عين كلمة টি مضموم অর্থাৎ, পেশবিশিষ্ট হবে। যথা- اَلْكَرَامَةُ وَالْكَرَمُ - সম্মানিত হওয়া।

صَرْفِ صَغِيْرْ		بَحْثْ	صَرْفِ صَغِيْرْ		بَحْثْ
	كَرُمَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْفْ	والجمع منهما	مَكَارِمُ	اِسْمِ ظَرْفْ جَمْعْ اِسْمِ اٰلَهْ جَمْع صُغْرَى، وُسْطَى
	يَكْرُمُ	مُضَارِعْ مَعْرُوْفْ			
	كَرَمًا و كَرَامَةً	مَصْدَرْ		و مَكَارِيْمُ	اِسْمِ اٰلَهْ جَمَعْ كُبْرَى
فهو :	كَرِيْمٌ	اِسْمِ فَاعِلْ	افعل التفضيل منه :	اَكْرَمُ	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُذَكَّرْ
الامر منه :	اُكْرُمْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْفْ	والمؤنث منه :	كُرْمٰى	اِسْمِ تَفْضِيْلْ وَاحِدِ مُؤَنَّثْ
والنهى عنه :	لاَ تَكْرُمْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْفْ	وَتَثْنِيَتُهُمَا	اَكْرَمَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُذَكَّرْ
الظرف منه :	مَكْرَمٌ	اِسْمِ ظَرْفْ			
والالة منه	مِكْرَمٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ صُغْرَى		و كُرْمَيَانِ	اِسْمِ تَفْضِيْلْ تَثْنِيَةْ مُؤَنَّثْ
	و مِكْرَمَةٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ وُسْطَى	وَالْجَمْعُ مِنْهُمَا	اَكْرَمُوْنَ	اِسْمِ تَفْضِيْلْ جَمْع مُذَكَّرِ سَالِمْ
	و مِكْرَامٌ	اِسْمِ اٰلَةْ وَاحِدِ كُبْرَى		اَكَارِمُ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُذَكَّرِ مُكَسَّرْ
وتثنيتهما	و مَكْرَمَانِ	اِسْمِ ظَرْفْ تَثْنِيَة		كُرَمٌ	اِسْمِ تَفْضِيلِ جَمع مُؤَنَّثِ مُكَسَّرْ
	و مِكْرَمَانِ	اِسْمِ اٰلَةْ تَثْنِيَةْ صُغْرَى		كُرْمَيَاتٌ	اِسْمِ تَفْضِيْلْ جَمع مُؤَنَّثِ سَالِمْ

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْيٌ	أَمْرٌ	مُضَارِعُ	مَاضِي	অর্থ	مَصْدَرْ
قَرِيْبٌ	لاَتَقْرُبْ	اُقْرُبْ	يَقْرُبُ	قَرُبَ	নিকটবর্তী হওয়া	اَلْقُرْبُ
بَعِيْدٌ	لاَ تَبْعُدْ	اُبْعُدْ	يَبْعُدُ	بَعُدَ	দূরবর্তী হওয়া	اَلْبُعْدُ
كَثِيْرٌ	لاَ تَكْثُرْ	اُكْثُرْ	يَكْثُرُ	كَثُرَ	অধিক হওয়া	اَلْكَثْرَةُ
شَرِيْفٌ	لاَ تَشْرُفْ	اُشْرُفْ	يَشْرُفُ	شَرُفَ	ভদ্র হওয়া	اَلشَّرَافَةُ
حَسِيْنٌ	لاَ تَحْسُنْ	اُحْسُنْ	يَحْسُنُ	حَسُنَ	সুন্দর হওয়া	اَلْحُسْنُ
قَصِيْرٌ	لاَ تَقْصُرْ	اُقْصُرْ	يَقْصُرُ	قَصُرَ	খাট হওয়া	اَلْقَصْرُ
كَبِيْرٌ	لاَ تَكْبُرْ	اُكْبُرْ	يَكْبُرُ	كَبُرَ	বড় হওয়া	اَلْكِبْرُ
لَطِيْفٌ	لاَ تَلْطُفْ	اُلْطُفْ	يَلْطُفُ	لَطُفَ	সূক্ষ্ম হওয়া	اَللُّطْفُ
ثَقِيْلٌ	لاَ تَثْقُلْ	اُثْقُلْ	يَثْقُلُ	ثَقُلَ	ভারী হওয়া	اَلثِّقْلُ
بَرِيْعٌ	لاَ تَبْرُعْ	اُبْرُعْ	يَبْرُعُ	بَرُعَ	দক্ষ হওয়া	اَلْبَرَاعَةُ
صَعِيْبٌ	لاَ تَصْعُبْ	اُصْعُبْ	يَصْعُبُ	صَعُبَ	কঠিন হওয়া	اَلصَّعُوْبَةُ
عَظِيْمٌ	لاَ تَعْظُمْ	اُعْظُمْ	يَعْظُمُ	عَظُمَ	বড় হওয়া	اَلْعَظْمُ
طَاهِرٌ	لاَ تَطْهُرْ	اُطْهُرْ	يَطْهُرُ	طَهُرَ	পবিত্র হওয়া	اَلطُّهْرُ
كَرِيْمٌ	لاَ تَكْرُمْ	اُكْرُمْ	يَكْرُمُ	كَرُمَ	সম্মানিত হওয়া	اَلْكَرَامَةُ
ثَقِيْفٌ	لاَ تَثْقُفْ	اُثْقُفْ	يَثْقُفُ	ثَقُفَ	সভ্য হওয়া	اَلثَّقَافَةُ
بَدِيْعٌ	لاَ تَبْدُعْ	اُبْدُعْ	يَبْدُعُ	بَدُعَ	অনন্য হওয়া	اَلْبَدَاعَةُ

اَلْبَابُ السَّادِسُ : ষষ্ঠ বাব

بَابِ اِفْتِعَالْ

এ বাবে فعل ماضى-এর শুরুতে همزة وصل এবং فاء كلمة ও عين كلمة-এর মাঝে تاء অতিরিক্ত হবে। যেমন– اَلْاِجْتِنَابُ- পরিহার করা, বিরত থাকা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث	صَرْفِ صَغِيْرْ	بَحْث
اِجْتَنَبَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	يُجْتَنَبُ	مُضَارِعْ مَجْهُوْلْ
يَجْتَنِبُ	مُضَارِعْ مَعْرُوْف	اِجْتِنَابًا	مَصْدَرْ
اِجْتِنَابًا	مَصْدَرْ	فهو : مُجْتَنَبٌ	اِسْمِ مَفْعُوْلْ
فهو : مُجْتَنِبٌ	اِسْمِ فَاعِلْ	الامر منه : اِجْتَنِبْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف
واُجْتُنِبَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ	والنهى عنه : لاَ تَجْتَنِبْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىْ	أَمْرٌ	مُضَارِعْ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
مُقْتَبِسٌ	لاَ تَقْتَبِسْ	اِقْتَبِسْ	يَقْتَبِسُ	اِقْتَبَسَ	চয়ন করা	اَلاِقْتِبَاسُ
مُعْتَزِلٌ	لاَ تَعْتَزِلْ	اِعْتَزِلْ	يَعْتَزِلُ	اِعْتَزَلَ	পৃথক হয়ে যাওয়া	اَلاِعْتِزَالُ
مُلْتَمِسٌ	لاَ تَلْتَمِسْ	اِلْتَمِسْ	يَلْتَمِسُ	اِلْتَمَسَ	তালাশ করা	اِلاِلْتِمَاسُ
مُحْتَمِلٌ	لاَ تَحْتَمِلْ	اِحْتَمِلْ	يَحْتَمِلُ	اِحْتَمَلَ	সম্ভাবনা থাকা	اَلاِحْتِمَالُ
مُشْتَرِكٌ	لاَ تَشْتَرِكْ	اِشْتَرِكْ	يَشْتَرِكُ	اِشْتَرَكَ	অংশগ্রহণ করা	اَلاِشْتِرَاكُ
مُنْتَصِرٌ	لاَ تَنْتَصِرْ	اِنْتَصِرْ	يَنْتَصِرُ	اِنْتَصَرَ	বিজয় লাভ করা	اَلاِنْتِصَارُ

اَلْبَابُ السَّابِعُ : সপ্তম বাব

بَابِ اِسْتِفْعَالٌ

এ বাবে فعل ماضى-এর শুরুতে هَمْزَةُ الْوَصل এবং سين ও تاء অতিরিক্ত হবে। যেমন, اَلْاِسْتِنْصَارُ - সাহায্য প্রার্থনা করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث	صَرْفِ صَغِيْرْ	بَحْث
اِسْتَنْصَرَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	يُسْتَنْصَرُ	مُضَارِعْ مَجْهُوْلْ
يَسْتَنْصِرُ	مُضَارِعْ مَعْرُوْف	اِسْتِنْصَارًا	مَصْدَرْ
اِسْتِنْصَارًا	مَصْدَرْ	فهو : مُسْتَنْصَرٌ	اِسْمِ مَفْعُوْلْ
فهو : مُسْتَنْصِرٌ	اِسْمِ فَاعِلْ	الامر منه : اِسْتَنْصِرْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف
واُسْتُنْصِرَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ	والنهى عنه: لاَ تَسْتَنْصِرْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىٌ	أَمْرٌ	مُضَارِعْ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
مُسْتَغْفِرٌ	لاَ تَسْتَغْفِرْ	اِسْتَغْفِرْ	يَسْتَغْفِرُ	اِسْتَغْفَرَ	ক্ষমা চাওয়া	اَلْاِسْتِغْفَارُ
مُسْتَخْلِفٌ	لاَ تَسْتَخْلِفْ	اِسْتَخْلِفْ	يَسْتَخْلِفُ	اِسْتَخْلَفَ	খলিফা বানানো	اَلْاِسْتِخْلاَفُ
مُسْتَمْتِعٌ	لاَ تَسْتَمْتِعْ	اِسْتَمْتِعْ	يَسْتَمْتِعُ	اِسْتَمْتَعَ	ভোগ করা	اَلْاِسْتِمْتَاعُ
مُسْتَأْذِنٌ	لاَ تَسْتَأْذِنْ	اِسْتَأْذِنْ	يَسْتَأْذِنُ	اِسْتَأْذَنَ	অনুমতি চাওয়া	اَلْاِسْتِيْذَانُ
مُسْتَسْلِمٌ	لاَ تَسْتَسْلِمْ	اِسْتَسْلِمْ	يَسْتَسْلِمُ	اِسْتَسْلَمَ	আনুগত্য করা	اَلْاِسْتِسْلاَمُ
مُسْتَكْبِرٌ	لاَ تَسْتَكْبِرْ	اِسْتَكْبِرْ	يَسْتَكْبِرُ	اِسْتَكْبَرَ	বড়াই করা	اَلْاِسْتِكْبَارُ
مُسْتَعْمِلٌ	لاَ تَسْتَعْمِلْ	اِسْتَعْمِلْ	يَسْتَعْمِلُ	اِسْتَعْمَلَ	ব্যবহার করা	اَلْاِسْتِعْمَالُ

اَلْبَابُ الثَّامِنُ : অষ্টম বাব

بَابِ اِفْعَال

এ বাবে فعل ماضى-এর فاء كلمة-এর পূর্বে هَمْزَة قَطْعِى হবে। যেমন اَلْإِكْرَامُ - সম্মান করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث	صَرْفِ صَغِيْرْ	بَحْث
اَكْرَمَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	يُكْرَمُ	مُضَارِعْ مَجْهُوْلْ
يُكْرِمُ	مُضَارِعْ مَعْرُوْف	اِكْرَامًا	مَصْدَرْ
إِكْرَامًا	مَصْدَرْ	فهو : مُكْرَمٌ	اِسْمِ مَفْعُوْلْ
فهو : مُكْرِمٌ	اِسْمِ فَاعِلْ	الامر منه : اَكْرِمْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف
وأُكْرِمَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ	والنهى عنه : لاَ تُكْرِمْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىٌ	أَمْرٌ	مُضَارِعْ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
مُسْلِمٌ	لاَ تُسْلِمْ	أَسْلِمْ	يُسْلِمُ	أَسْلَمَ	ইসলাম গ্রহণ করা	اَلْإِسْلاَمُ
مُذْهِبٌ	لاَ تُذْهِبْ	أَذْهِبْ	يُذْهِبُ	أَذْهَبَ	দূর করে দেয়া	اَلْاِذْهَابُ
مُعْلِنٌ	لاَ تُعْلِنْ	أَعْلِنْ	يُعْلِنُ	أَعْلَنَ	ঘোষণা দেয়া	اَلْإِعْلاَنُ
مُكْمِلٌ	لاَ تُكْمِلْ	أَكْمِلْ	يُكْمِلُ	أَكْمَلَ	পরিপূর্ণ করা	اَلْإِكْمَالُ
مُعْلِمٌ	لاَ تُعْلِمْ	أَعْلِمْ	يُعْلِمُ	أَعْلَمَ	জানিয়ে দেয়া	اَلْإِعْلاَمُ
مُظْلِمٌ	لاَ تُظْلِمْ	أَظْلِمْ	يُظْلِمُ	أَظْلَمَ	অন্ধকার হয়ে যাওয়া	اَلْإِظْلاَمُ

اَلْبَابُ التَّاسِعُ : নবম বাব

بَابِ تَفْعِيْل

এ বাবে فِعْل مَاضِىْ-এর عين كلمة টি مكرر হবে। যেমন اَلتَّصْرِيْفُ - রূপান্তর করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث	صَرْفِ صَغِيْرْ	بَحْث
صَرَّف	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	يُصَرَّفُ	مُضَارِعْ مَجْهُوْلْ
يُصَرِّفُ	مُضَارِعْ مَعْرُوْف	تَصْرِيْفًا	مَصْدَرْ
تَصْرِيْفًا	مَصْدَرْ	فهو : مُصَرَّفٌ	اِسْمِ مَفْعُوْلْ
فهو : مُصَرِّفٌ	اِسْمِ فَاعِلْ	الامر منه : صَرِّفْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف
وصُرِّفَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ	والنهى عنه : لاَ تُصَرِّفْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىٌ	أَمْرٌ	مُضَارِعْ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
مُعَذِّبْ	لاَ تُعَذّبْ	عَذِّبَ	يُعَذِّبُ	عَذَّبَ	শাস্তি দেয়া	اَلتعْذِيْبُ
مُرَجِّحْ	لاَ تُرَجّحْ	رَجِّحَ	يُرَجِّحُ	رَجَّحَ	প্রাধান্য দেয়া	اَلتَرْجِيْحُ
مُطَهِّرْ	لاَ تُطَهّرْ	طَهِّرَ	يُطَهِّرُ	طَهَّرَ	পবিত্র করা	اَلتطْهِيْرُ
مُحَرِّكْ	لاَ تُحَرّكْ	حَرِّكَ	يُحَرِّكُ	حَرَّكَ	নাড়া দেয়া	اَلتحْرِيْكُ
مُمَلِّكْ	لاَ تُمَلّكْ	مَلِّكَ	يُمَلِّكُ	مَلَّكَ	মালিক বানানো	اَلتَّمْلِيْكُ

اَلْبَابُ الْعَاشِرُ : দশম বাব

بَابِ تَفَعُّل

এ বাবে فعل ماضى-এর فاء كلمة-এর পূর্বে تاء এবং عين كلمة টি مكرر হবে।

যেমন– اَلتَّقَبُّلُ - গ্রহণ করা, কবুল করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث	صَرْفِ صَغِيْرْ	بَحْث
تَقَبَّلَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	يُتَقَبَّلُ	مُضَارِعْ مَجْهُوْلْ
يَتَقَبَّلُ	مُضَارِعْ مَعْرُوْف	تَقَبُّلاً	مَصْدَرْ
تَقَبُّلاً	مَصْدَرْ	فهو : مُتَقَبَّلٌ	اِسْمِ مَفْعُوْلْ
فهو : مُتَقَبِّلٌ	اِسْمِ فَاعِلْ	الامر منه : تَقَبَّلْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف
وتُقُبِّلَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْلْ	والنهى عنه : لاَ تَتَقَبَّلْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
مُتَبَسِّمٌ	لاَ تَتَبَسَّمْ	تَبَسَّمْ	يَتَبَسَّمُ	تَبَسَّمَ	মুচকি হাসা	اَلتَّبَسُّمُ
مُتَعَلِّمٌ	لاَ تَتَعَلَّمْ	تَعَلَّمْ	يَتَعَلَّمُ	تَعَلَّمَ	শিক্ষার্জন করা	اَلتَّعَلُّمُ
مُتَكَلِّمٌ	لاَ تَتَكَلَّمْ	تَكَلَّمْ	يَتَكَلَّمُ	تَكَلَّمَ	কথা বলা	اَلتَّكَلُّمُ
مُتَجَنِّبٌ	لاَ تَتَجَنَّبْ	تَجَنَّبْ	يَتَجَنَّبُ	تَجَنَّبَ	বিরত থাকা	اَلتَّجَنُّبُ
مُتَهَجِّدٌ	لاَ تَتَهَجَّدْ	تَهَجَّدْ	يَتَهَجَّدُ	تَهَجَّدَ	তাহাজ্জুদ পড়া	اَلتَّهَجُّدُ
مُتَفَكِّرٌ	لاَ تَتَفَكَّرْ	تَفَكَّرْ	يَتَفَكَّرُ	تَفَكَّرَ	চিন্তা-গবেষণা করা	اَلتَّفَكُّرُ

اَلْبَابُ الْحَادِيْ عَشَرَ : একাদশ বাব

بَابِ مُفَاعَلَةْ

এ বাবে فعل ماضى-এর فاء كلمة-এবং عين كلمة-এর মাঝে الف অতিরিক্ত হবে। যেমন– اَلْمُقَاتَلَةُ ، اَلْقِتَالُ - পরস্পর লড়াই করা।

صَرْفِ صَغِيْرْ	بَحْث	صَرْفِ صَغِيْرْ	بَحْث
قَاتَلَ	مَاضِىْ مُطْلَقْ مَعْرُوْف	يُقَاتَلُ	مُضَارِعْ مَجْهُوْل
يُقَاتِلُ	مُضَارِعْ مَعْرُوْف	مُقَاتِلَةً وَقِتَالاً	مَصْدَرْ
مُقَاتِلَةً وَقِتَالاً	مَصْدَرْ	فهو : مُقَاتَلٌ	اِسْمِ مَفْعُوْل
فهو : مُقَاتِلٌ	اِسْمِ فَاعِلْ	الامر منه : قَاتِلْ	اَمْرِ حَاضِرْ مَعْرُوْف
وقُوْتِلَ	مَاضِىْ مُطْلَقْ مَجْهُوْل	والنهى عنه : لاَ تُقَاتِلْ	نَهِىْ حَاضِرْ مَعْرُوْف

এ باب-এর অধিক ব্যবহৃত কয়েকটি مصدر নিম্নে প্রদত্ত হলো :

اِسْمُ الْفَاعِلِ	نَهْىٌ	أَمْرٌ	مُضَارِعٌ	مَاضِىْ	অর্থ	مَصْدَرْ
مُعَاقِبٌ	لاَ تُعَاقِبْ	عَاقِبْ	يُعَاقِبُ	عَاقَبَ	শাস্তি দেয়া	اَلْمُعَاقَبَةُ
مُخَادِعٌ	لاَ تُخَادِعْ	خَادِعْ	يُخَادِعُ	خَادَعَ	ধোঁকা দেয়া	اَلْمُخَادَعَةُ
مُبَارِكٌ	لاَ تُبَارِكْ	بَارِكْ	يُبَارِكُ	بَارَكَ	বরকত দেয়া	اَلْمُبَارَكَةُ
مُجَادِلٌ	لاَ تُجَادِلْ	جَادِلْ	يُجَادِلُ	جَادَلَ	ঝগড়া করা	اَلْمُجَادَلَةُ

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

১। ثُلاَثِيْ مجرد কাকে বলে? এর সর্বমোট باب কয়টি ও কী কী?

২। ثُلاَثِيْ ও رُبَاعِى কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩। ثُلاَثِيْ مَزِيْدْ فِيْهِ কাকে বলে? তা কত প্রকার ও কী কী?

৪। ثُلاَثِيْ مزيدفيه غير ملحق برُبَاعِى -এর সর্বমোট বাব কয়টি ও কী কী?

৫। الطلب দ্বারা صرف صغير বর্ণনা কর।

৬। الكتابة মাসদার দ্বারা صرف صغير উল্লেখ কর।

৭। الغسل কোন বাবের মাসদার? তা দ্বারা صرف صغير উল্লেখ কর।

اَلْبَابُ الثَّانِـيْ

দ্বিতীয় অধ্যায়

عِلْمُ النَّحْوِ

ইলমে নাহু

উদাহরণ

(ألف)	
جَاءَ حَامِدٌ	হামেদ আসলো
نَصَرْتُ حَامِدًا	আমি হামেদকে সাহায্য করলাম
مَرَرْتُ بِحَامِدٍ	আমি হামেদের পাশ দিয়ে অতিক্রম করলাম
(ب)	
ذَهَبَ هٰؤُلَاءِ	তারা গেলো
نَصَرْتُ هٰؤُلَاءِ	আমি তাদেরকে সাহায্য করলাম
مَرَرْتُ بِهٰؤُلَاءِ	আমি তাদের পাশ দিয়ে অতিক্রম করলাম

আলোচনা

উপরের উদাহরণগুলোর প্রতি লক্ষ্য কর। (الف) অংশে حَامِدٌ শব্দটি ১ম বাক্যে فَاعِلٌ হওয়ায় مَرْفُوْعٌ হয়েছে, দ্বিতীয় বাক্যে مَفْعُوْلٌ بِهٖ হওয়ায় مَنْصُوْبٌ হয়েছে, এবং তৃতীয় বাক্যে হরফে জারের কারণে مَجْرُوْرٌ হয়েছে। মোটকথা, উদাহরণগুলোতে তিন অবস্থায় তিন ধরনের إِعْرَابٌ হয়েছে। আর (ب) অংশে هٰؤُلَاءِ শব্দটি বাক্য তিনটিতে তিন অবস্থায় হওয়া সত্ত্বেও সর্বাবস্থায় كَسْرَةٌ-এর উপর বহাল রয়েছে। কোনো إِعْرَابٌ গ্রহণ করেনি। এসব নিয়মকানুন জানার পদ্ধতির নাম হলো ইলমে নাহু।

নিয়মাবলি

عِلْمُ النَّحْوِ-এর পরিচয় : যে নিয়ম-কানুন জানার দ্বারা مُعْرَبْ ও مَبْنِىْ হওয়ার দিক থেকে ইসম, ফে'ল ও হরফ-এর শেষ অক্ষরে إِعْرَابْ তথা رَفْعْ বা نَصَبْ বা جَرْ-এর অবস্থা এবং বিভিন্ন শব্দের পরস্পরের সাথে সংযোজন করে বাক্য গঠন করার পদ্ধতি জানা যায়, তাকে عِلْمُ النَّحْوِ বলে।

عِلْمُ النَّحْوِ-এর আলোচ্য বিষয় :

ইলমে নাহুর আলোচ্য বিষয় হলো- كَلِمَةٌ ও كَلَامٌ তথা শব্দ ও বাক্য।

عِلْمُ النَّحْوِ-এর উদ্দেশ্য :

নাহু শাস্ত্রের উদ্দেশ্য হলো- আরবি ভাষা ব্যবহারে শাব্দিক ভুল-ভ্রান্তি থেকে মেধাশক্তিকে বাঁচিয়ে রাখা।

عِلْمُ النَّحْوِ-এর নামকরণ ও সংকলনের ইতিহাস :

বর্ণিত আছে, একদা এক ব্যক্তিকে إِنَّ اللّٰهَ بَرِىءٌ مِنَ الْمُشْرِكِيْنَ وَ رَسُوْلُهُ আয়াতে رَسُوْلُهُ শব্দের لَامْ বর্ণে পেশের স্থলে যের দিয়ে পড়তে শুনেন। এর অর্থ হলো নিশ্চয় আল্লাহ তাআলা মুশরিকদের প্রতি ও তাঁর রাসূলের প্রতি অসন্তুষ্ট। এ অর্থটি আয়াতটির বাস্তব উদ্দেশ্যের বিপরীত এবং এটা কুফরী কালাম। এর বিশুদ্ধ পঠন হলো وَرَسُوْلُهُ (লাম বর্ণে পেশ দিয়ে) অর্থাৎ, নিশ্চয়ই আল্লাহ তাআলা ও তাঁর রসূল (ﷺ) মুশরিকদের থেকে মুক্ত।

প্রথমোক্ত পঠন শুনে আবুল আসওয়াদ আদ দুয়াইলী (رَحِمَهُ اللّٰهُ) মনঃক্ষুণ্ন হয়ে হযরত আলী (رَضِيَ اللّٰهُ عَنْهُ)-এর দরবারে গিয়ে এই ঘটনা ব্যক্ত করে বলেন যে, মানুষ নিয়ম-কানুন না জানার কারণে কুফরী কালাম করে থাকে। মুহতারাম! আপনি যদি আমাকে অনুমতি

দেন, তবে আমি এমন একটি বিধি-বিধান তৈরি করবো যা দ্বারা মানুষ শুদ্ধ আরবি বলতে ও লিখতে পারবে। তখন আলী (رضي الله عنه) বলেন, اُقْصُدْ نَحْوَهُ অর্থাৎ, অনুরূপ মনোনিবেশ কর। এক্ষেত্রে হযরত আলী (رضي الله عنه) কিছু দিক নির্দেশনা প্রদান করেন। অতঃপর হযরত আবুল আসওয়াদ আদ দুয়াইলী (رحمه الله) তাঁর কথা মতো বেশ কিছু নিয়ম-কানুন লিখে হযরত আলী (رضي الله عنه)-কে দেখান। তখন আলী (رضي الله عنه) বলেন, مَا أَحْسَنَ هٰذَا النَّحْوَ الَّذِىْ نَحَوْتَهُ অর্থাৎ, তুমি যে পদ্ধতি গ্রহণ করেছো, তা কতই না সুন্দর!

এভাবে আলী (رضي الله عنه) তাঁর বক্তব্যে বার বার نَحْوٌ শব্দটি ব্যবহার করার কারণে পরবর্তীকালে সকল সুধীবৃন্দ এ শব্দটিকেই শাস্ত্রটির নামকরণ হিসেবে পছন্দ করেন। তাই এ শাস্ত্রের নামকরণ করেন عِلْمُ النَّحْوِ (ইলমুন নাহু)।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। عِلْمُ النَّحْوِ কাকে বলে?

২। عِلْمُ النَّحْوِ -এর আলোচ্য বিষয় ও উদ্দেশ্য লেখ।

৩। عِلْمُ النَّحْوِ প্রথম কে রচনা করেন? عِلْمُ النَّحْوِ নামকরণের কারণ বর্ণনা কর।

৪। عِلْمُ النَّحْوِ -এর সংকলনের ইতিহাস সংক্ষেপে লেখ।

اَلدَّرْسُ الأَوَّلُ : প্রথম পাঠ

اَلْاِسْمُ وَأَقْسَامُهُ

ইসম ও উহার প্রকার

উদাহরণ

(الف)		(ب)		(ج)	
فَرَسٌ	একটি ঘোড়া	فَاطِمَةٌ	ফাতিমা	جَمِيْلٌ	জামিল
كِتَابٌ	একটি বই	اَلْبَقَرَةٌ	গাভীটি	اَلْمَسْجِدُ	মসজিদটি
جَوَّالٌ	একটি মোবাইল	اَلْمُعَلِّمَةٌ	শিক্ষয়ত্রী	يَابَانْ	জাপান
(د)		**(ه)**		**(و)**	
طَالِبٌ	একজন ছাত্র	طَالِبَانِ	দুজন ছাত্র	طُلَّابٌ	অনেক ছাত্র
صَدِيْقٌ	একজন বন্ধু	صَدِيْقَانِ	দুজন বন্ধু	اَصْدِقَاءُ	অনেক বন্ধু
رَجُلٌ	একজন লোক	رَجُلَانِ	দুজন লোক	رِجَالٌ	অনেক লোক

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রত্যেকটি শব্দ দ্বারা এক একটি নাম বোঝাচ্ছে।

(الف) ও (ج) অংশের শব্দগুলো দ্বারা পুরুষ বোঝানো হয়েছে এবং শব্দগুলোর শেষে ‘ة’ (গোল তা) নেই। কিন্তু (ب) অংশের শব্দগুলো দ্বারা স্ত্রী বোঝানো হয়েছে এবং প্রত্যেকটি শব্দের শেষে ‘ة’ (গোল-তা) রয়েছে।

অন্যদিকে (الف) অংশের প্রত্যেকটি শব্দ অনির্দিষ্ট কোনো একজন ব্যক্তি বা বস্তুকে বোঝায়। আর (ب) অংশের প্রতিটি শব্দ নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বোঝায়।

অন্যদিকে (د) অংশের শব্দগুলো একজন ব্যক্তি বা একটি বস্তু বোঝায়। (ه) অংশের শব্দগুলো দুজন ব্যক্তি বা দুটি বস্তু বোঝায়। (و) অংশের শব্দগুলো দুয়ের অধিক ব্যক্তি বা বস্তু বোঝায়।

নিয়মাবলি

اِسْمْ-এর পরিচয় : যে শব্দ কোনো কিছুর নাম বোঝায় এবং কোনো কালের সাহায্য ব্যতীত স্বীয় অর্থ প্রকাশ করে, তাকে اِسْمْ বলে। যেমন–

ক. ব্যক্তির নাম		খ. প্রাণীর নাম		গ. বস্তুর নাম	
رَفِيْقٌ	রফিক	هِرَّةٌ	বিড়াল	طَاوِلَةٌ	টেবিল
شَمِيْمٌ	শামীম	شَاةٌ	বকরি	جَوَّالٌ	মোবাইল
بِلَالٌ	বেলাল	ظَبِيَّةٌ	হরিণী	قَلَمٌ	কলম
ঘ. স্থানের নাম		**ঙ. সময়ের নাম**		**চ. দোষ বা গুণের নাম**	
مَعْرَضٌ	মেলা	ثَانِيَةٌ	সেকেন্ড	حَسِيْنٌ	সুন্দর
سُوْقٌ	বাজার	دَقِيْقَةٌ	মিনিট	قَبِيْحٌ	অসুন্দর
مَدِيْنَةٌ	শহর	سَاعَةٌ	ঘণ্টা	اَسْوَدُ	কালো

اِسْمْ-এর প্রকার : বিভিন্ন দৃষ্টিকোণে اِسْمْ-এর বিভিন্ন প্রকার রয়েছে-

☐ **লিঙ্গভেদে اِسْمْ দু প্রকার।** যথা–

১। مُذَكَّرٌ (পুরুষ)

২। مُؤَنَّثٌ (স্ত্রী)

مُذَكَّرْ (পুরুষ)-এর বর্ণনা :

যে اِسْمْ দ্বারা পুরুষ বোঝায়, তাকে مُذَكَّرْ বলে।

مُذَكَّرْ দু প্রকার। যথা- ১। مُذَكَّرٌ حَقِيْقِيٌّ ; ২। مُذَكَّرٌ غَيْرُ حَقِيْقِيٍّ

১. مُذَكَّرْ حَقِيْقِي : যে اِسْمْ দ্বারা বাস্তবে পুরুষ বোঝানো হয়, তাকে مُذَكَّرْ حَقِيْقِي বলে। যেমন- ثَوْرٌ، رَجُلٌ، خَالِدٌ، بَكْرٌ ইত্যাদি।

২. مُذَكَّرْ غَيْرِ حَقِيْقِي : যে اِسْمْ দ্বারা বাস্তবে পুরুষ বোঝায় না এবং যার মাঝে مُؤَنَّثْ-এর কোনো চিহ্ন ও পাওয়া যায় না, তাকে مُذَكَّرْ غَيْر حَقِيْقِي বলে। যেমন- كِتَابٌ، حَجَرٌ ইত্যাদি।

مُؤَنَّثْ (স্ত্রী)-এর বর্ণনা :

যে اِسْمْ দ্বারা স্ত্রী বোঝায়, তাকে مُؤَنَّثْ বলে।

مُؤَنَّثْ তিন প্রকার। যেমন-

১. مؤنث حَقِيْقِي ; ২. مُؤَنَّثْ غير حَقِيْقِي ও ৩. مُؤَنَّثْ سِمَاعِيْ

১. مُؤَنَّثْ حَقِيْقِي : যে اِسْمْ দ্বারা বাস্তবে স্ত্রী জাতি বোঝায়, তাকে مُؤَنَّثْ حَقِيْقِي বলে। যেমন- مَرْيَمٌ، إِمْرَأَةٌ، فَاطِمَةٌ ইত্যাদি।

২. مُؤَنَّثْ غَيْر حَقِيْقِي : যে اِسْمْ দ্বারা বাস্তবে স্ত্রী জাতি বোঝায় না, তবে এর মাঝে مُؤَنَّثْ -এর চিহ্ন পাওয়া যায়, তাকে مُؤَنَّثْ غَيْر حَقِيْقِي বলে। যেমন- فَاكِهَةٌ، طَاوِلَةٌ ইত্যাদি।

৩. مُؤَنَّثِ سِمَاعِيْ : যে اِسْمْ দ্বারা প্রকৃত স্ত্রী জাতি বোঝায় না, যার মধ্যে مُؤَنَّثْ -এর কোনো চিহ্নও পাওয়া যায় না। শুধু আরবদের থেকে শুনেই এগুলোকে مُؤَنَّثْ ব্যবহার করা হয়। এগুলোকে مُؤَنَّثْ سِمَاعِيْ (শ্রুত স্ত্রীলিঙ্গ) বলে। যেমন- أَرْضٌ، يَدٌ، عَيْنٌ، دَارٌ، شَمْسٌ ইত্যাদি

مُؤَنَّثْ-এর আলামত : مُؤَنَّثْ -এর আলামতগুলো হলো-

১। শব্দের শেষে ‘ة’ (গোল তা) হওয়া। যেমন– شَاعِرَةٌ، كَاتِبَةٌ

২। শব্দের শেষে اَلِفُ مَقْصُوْرَةْ হওয়া। যেমন– سَلْمٰى، حُبْلٰى

৩। শব্দের শেষে اَلِفُ مَمْدُوْدَةْ হওয়া। যেমন- حَمْرَاءُ

৪। শব্দের শেষে উহ্য ة (গোল তা) হওয়া। যেমন- اَرْضٌ শব্দটি মূলে ছিল اَرْضَةٌ

☐ নির্দিষ্ট ও অনির্দিষ্টের ভিত্তিতে اِسْمٌ দু প্রকার। যথা-

১. مَعْرِفَةٌ (নির্দিষ্ট) ২. نَكِرَةٌ (অনির্দিষ্ট)

مَعْرِفَةٌ-এর পরিচয় : যে اِسْمٌ দ্বারা নির্দিষ্ট কোনো ব্যক্তি বা বস্তুকে বোঝানো হয়, তাকে مَعْرِفَةٌ বলে। مَعْرِفَةٌ -এর ব্যবহার পদ্ধতি হলো-

১. مَعْرِفَةٌ -এর শুরুতে ال ব্যবহার হয়, কিন্তু শেষে تَنْوِيْنٌ হয় না।

২. نَكِرَةٌ- কে مَعْرِفَةٌ করার জন্যে প্রথমে ال যুক্ত করতে হয়।

نَكِرَةٌ-এর পরিচয় : যে اِسْمٌ দ্বারা অনির্দিষ্ট কোনো ব্যক্তি বা বস্তুকে বোঝানো হয়, তাকে نَكِرَةٌ বলে। نَكِرَةٌ -এর আলামত হলো শব্দের শেষে تَنْوِيْنٌ হওয়া।

نَكِرَةٌ-কে مَعْرِفَةٌ করার পদ্ধতি : نَكِرَةٌ-কে নিম্নোক্ত পদ্ধতিতে مَعْرِفَةٌ করা যায়। যথা-

১. নাকেরা শব্দের প্রথমে اَلِفْ وَلَامْ যুক্ত করে। যেমন- اَلرَّجُلُ

২. কোনো নাকেরা ইসেমকে মারেফার দিকে إِضَافَةٌ করে। যেমন-كِتَابُ اللهِ

৩. مَوْصُوْلٌ যুক্ত করে। যেমন- اَلَّذِىْ ضَرَبَ

৪. اِسْمُ الْإِشَارَةِ যুক্ত করে। যেমন- هٰذَا رَجُلٌ

☐ আরবি ভাষায় বচনভেদে اِسْمٌ তিন প্রকার। যথা–

১. وَاحِدٌ (একবচন), ২. تَثْنِيَةٌ (দ্বিবচন), ৩. جَمْعٌ (বহুবচন)।

১. وَاحِدْ-এর পরিচয় : যে শব্দ দ্বারা একজন ব্যক্তি বা একটি বস্তু বোঝানো হয়, তাকে وَاحِدْ তথা একবচন বলে। যেমন– كِتَابٌ - একটি বই।

২. تَثْنِيَةٌ-এর পরিচয় : যে শব্দ দ্বারা দুজন ব্যক্তি বা দুটি বস্তু বোঝানো হয়, তাকে تَثْنِيَةٌ তথা দ্বিবচন বলে। যেমন- كِتَابَانِ - দুটি বই।

تَثْنِيَةٌ-এর গঠন প্রণালী : وَاحِدْ-এর শেষে ان অথবা ين যুক্ত করে تَثْنِيَةٌ গঠন করতে হয়ে। যেমন-

قَلَمٌ + يِنِ = قَلَمَيْنِ	قَلَمٌ + اَنِ = قَلَمَانِ
رَجُلٌ + يِنِ = رَجُلَيْنِ	رَجُلٌ + اَنِ = رَجُلاَنِ

৩. جَـمْع-এর পরিচয় : যে শব্দ দ্বারা দুয়ের অধিক ব্যক্তি বা বস্তু বোঝানো হয়, তাকে جَـمْع তথা বহুবচন বলে। যেমন- كتب - অনেক বই।

جَـمْع-এর প্রকার : جَـمْع প্রথমত দু প্রকার। যথা-

১. اَلْـجَمْعُ السَّالِمُ ও ২. اَلْـجَمْعُ الْمُكَسَّرُ

যে جَـمْع-এর মাঝে وَاحِدْ-এর وَزَنْ বহাল থেকে যায়, তাকে اَلْـجَمْعُ السَّالِمُ বলে এবং যে جَـمْع-এর মাঝে وَاحِدْ-এর وَزَنْ ঠিক থাকে না; বরং ভেঙ্গে যায়, তাকে اَلْـجَمْعُ الْمُكَسَّرُ বলে। وَاحِدْ থেকে اَلْـجَمْعُ الْمُكَسَّرُ গঠনের নির্দিষ্ট কোনো নিয়মপদ্ধতি নেই। আরবদের ব্যবহার অনুযায়ী ব্যবহার করা হয়। তবে اَلْـجَمْعُ السَّالِمُ বানানোর নির্দিষ্ট নিয়মপদ্ধতি রয়েছে। তা হলো-

وَاحِدْ-এর শেষে ون ، ين বা ات যুক্ত করে جَـمْع سـالِمُ গঠন করতে হয়। يـن বা ون দ্বারা গঠিত جَـمْع কে جَـمْع مُذَكَّرِ سَالِمْ আর ات দ্বারা গঠিত جَـمْع কে جَمَـع مُؤَنَّـثِ سَالِمْ বলে।

وَاحِدْ	اَلْـجَمْعُ الْمُكَسَّرُ		وَاحِدْ	اَلْـجَمْعُ السَّالِمُ	
رَجُلٌ	رِجَالٌ		عَالِمٌ	عَالِمُوْنَ/ عَالِمِيْنَ	جَـمْع مُذَكَّرِ سَالِمْ
مَسْجِدٌ	مَسَاجِدُ		مُدَرِّسٌ	مُدَرِّسُوْنَ / مُدَرِّسِيْنَ	
قَلَمٌ	اَقْلَامٌ		طَالِبَةٌ	طَالِبَاتٌ	جَمع مُؤَنَّثِ سَالِمْ
غُلَامٌ	غِلْمَانٌ		صَابِرَةٌ	صَابِرَاتٌ	

جَـمْع-এর আরো কিছু প্রকার :

১. جَـمْع مُنْتَهٰى الْجُمُوْع : যে جَـمْع-কে আর جَـمْع করা যায় না, তাকে جَـمْع مُنْتَهٰى الْجُمُوْع বলে। এ جَـمْع-এর অধিক ব্যবহৃত দুটি وزن নিম্নে দেওয়া হলো-

(الف) مَفَاعِلٌ যথা- مَسَاجِدُ

(ب) مَفَاعِيْلٌ যথা- مَفَاتِيْحُ، مَصَابِيْحُ

২. جَمْع مِنْ غَيْرِ لَفْظ : যে جَـمْع-এর নিজস্ব কোনো وَاحِدْ শব্দ নেই; বরং ভিন্ন وَاحِدْ শব্দ রয়েছে, তাকে جَمْع مِنْ غَيْرِ لَفْظ বলে। যথা- إِمْرَأَةٌ থেকে نِسَاءٌ

৩. اِسْمُ الْجَمْع : যে وَاحِدْ-এর শব্দ جَـمْع-এর অর্থ প্রদান করে, তাকে اِسْمُ الْجَـمْع বলে। যেমন- قَوْمٌ = জাতি/গোষ্ঠী, شَعْبٌ = সম্প্রদায় / জাতি, وَفْدٌ = প্রতিনিধি দল ইত্যাদি।

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। اِسْمٌ কাকে বলে? উদাহরণ দাও।

২। مُذَكَّرٌ কাকে বলে? উহা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৩। مُؤَنَّثٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪। مُؤَنَّثٌ -এর আলামত কয়টি কী কী?

৫। مُؤَنَّثٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৬। مُذَكَّرٌ কাকে বলে? অর্থসহ পাঁচটি مُذَكَّرٌ লেখ।

৭। مُؤَنَّثٌ কাকে বলে? অর্থসহ পাঁচটি مُؤَنَّثٌ শব্দ লেখ।

৮। مَعْرِفَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৯। نَكِرَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

১০। وَاحِدٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

১১। تَثْنِيَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

১২। جَمْعٌ কাকে বলে? উদাহরণ দাও।

১৩। تَثْنِيَةٌ কিভাবে গঠন করতে হয়? উদাহরণসহ লেখ।

১৪। جَمْعٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

খ. শূন্যস্থান পূরণ কর :

১। যে শব্দ কোনো কিছুর .... বোঝায়, তাকে اِسْمٌ বলে।

২। যে اِسْمٌ দ্বারা .... বোঝানো হয়, তাকে مُذَكَّرٌ বলে।

৩। যে اِسْمٌ দ্বারা স্ত্রী বোঝানো হয়, তাকে .... বলে।

৪। عَائِشَةُ، فَاطِمَةُ ও صديقة শব্দগুলো ....।

৫। ‘ة’ (গোল তা) .... -এর আলামত।

৬। ال হলো ....-এর আলামত।

৭। তানবীন হলো ....-এর আলামত।

৮। رِجَالٌ শব্দটি .... ।

اَلدَّرْسُ الثَّانِيْ : দ্বিতীয় পাঠ

اَلْمُضَافُ وَالْمُضَافُ إِلَيْهِ

মুদাফ ও মুদাফ ইলাইহি

উদাহরণ

بَيْتُ اللّٰهِ	আল্লাহর ঘর।
كِتَابُ زَيْدٌ	যায়েদের কিতাব।
رَسُوْلُ اللّٰهِ	আল্লাহর রসূল।
عِيْدُ الْمُسْلِمِيْنَ	মুসলমানদের ঈদ।
صَلاَةُ الْفَجْرِ	ফজরের নামায।

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রতিটি বাক্যাংশের প্রথম শব্দটি পরবর্তী শব্দের সাথে সম্বন্ধ তৈরি করেছে। বাংলাতে কার/কিসের? উত্তরে এ বাক্যাংশগুলো আসে। প্রথম শব্দ যার সাথে সম্বন্ধ করে, বাংলাতে তার ক্ষেত্রে র/এর যুক্ত হয়, তাকে مُضَافْ اِلَيْهِ এবং অপরটিকে مُضَافْ বলে।

নিয়মাবলি

إِضَافَةٌ-এর পরিচয় : বাক্যে একটি اِسْمْ -এর সাথে অপর একটি اِسْمْ -এর সম্বন্ধ স্থাপন করাকে إِضَافَةٌ বলে। প্রথম শব্দকে مُضَافْ এবং দ্বিতীয় শব্দকে مُضَافْ إِلَيْهِ বলে।

যেমন– كِتَابُ زَيْدٍ (যায়েদের কিতাব)। এখানে كِتَابٌ হলো مُضَافْ এবং زَيْدٌ হলো مُضَافْ اِلَيْهِ।

مُضَاف ও مُضَاف اِلَيْـهِ চেনার সহজ পদ্ধতি : বাংলায় দুটি শব্দের মাঝে 'র' অথবা 'এর' থাকলে বুঝতে হবে শব্দ দুটির মাঝে إِضَـافَةٌ-এর সম্পর্ক রয়েছে, এদের একটি مُضَاف এবং অপরটি مُضَاف اِلَيْهِ ; বাংলা ভাষায় مُضَـاف اِلَيْـهِ প্রথমে এবং مُضَـاف পরে আসে কিন্তু আরবি ভাষায় مُضَاف প্রথমে এবং مُضَاف اِلَيْه পরে আসে।

مُضَاف ও مُضَاف اِلَيْه-এর বিধান :

১. مُضَاف টি تَنْوِيْنْ ও ال যুক্ত হবে না।

২. مُضَاف টি تَثْنِيَةٌ বা جَمْع مُذَكَّرْ سَالِمْ হলে إِضَافَةٌ-এর সময় تَثْنِيَةٌ বা جَـمْع-এর نُوْنْ বিলুপ্ত হয়ে যাবে।

৩. مُضَاف টি তার পূর্বের عَامِلْ অনুসারে إِعْرَابْ গ্রহণ করবে এবং مُضَاف اِلَيْه টি مُضَاف কর্তৃক مَجْرُوْرْ হবে।

৪. مُضَاف ও مُضَاف اِلَيْه মিলে مُرَكَّبِ نَاقِصْ গঠিত হয়, যাকে تَرْكِيْبِ إِضَافِيْ বলা হয়

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। اضافة কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। مُضَاف ও مُضَاف اِلَيْه কাকে বলে?

৩। مُضَاف ও مُضَاف اِلَيْه-এর বিধানাবলি লেখ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১। مُضَاف প্রথমে বসে। ( )

২। مُضَاف اِلَيْه প্রথমে বসে। ( )

৩। كِتَابُ زَيْدٍ বাক্যে كِتَابُ হলো مُضَاف। ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১। বাক্যের এক শব্দের সাথে অপর শব্দের সম্বন্ধগুলোকে .... বলে।

২। كِتَابُ زَيْدٍ বাক্যে كِتَابُ হলো........................

৩। صَدِيْقِى বাক্যে صَدِيْقٌ হলো ....

اَلدَّرْسُ الثَّالِثُ : তৃতীয় পাঠ

اَلضَّمَائِرُ

দমীরসমূহ

উদাহরণ

هُوَ عَالِمٌ	সে জ্ঞানী।
هُمْ مُسْلِمُوْنَ	তারা মুসলমান।
أَنْتَ إِمَامٌ	তুমি ইমাম।
أَنْتُمْ لاَعِبُوْنَ	তোমরা খেলোয়াড়।
أَنَا طَالِبٌ	আমি ছাত্র।

আলোচনা

উপরের উদাহরণসমূহ লক্ষ্য কর। প্রতিটি বাক্যে একটি করে শব্দের নিচে দাগ দেয়া হয়েছে। এই দাগ দেয়া শব্দগুলোর প্রতিটি কোনো না কোনো اِسْمٌ -এর পরিবর্তে ব্যবহৃত হয়েছে। যেমন- هُوَ - সে, هُمَا - তারা দুজন, أَنْتُمْ - তোমরা সকলে ইত্যাদি।

নিয়মাবলি

ضَمِيْرٌ-এর পরিচয় : اِسْمٌ-এর পরিবর্তে যে শব্দ ব্যবহার হয়, তাকে ضَمِيْرٌ বলা হয়। আর اِسْمٌ-এর পরিবর্তে ব্যবহৃত সব ضَمِيْرٌ-কে একত্রে ضَمَائِرٌ বলে।

ضَمِيْرٌ-এর প্রকার : ضَمِيْرٌ মোট পাঁচ প্রকার। যথা-

ক. ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُتَّصِلٌ খ. ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُنْفَصِلٌ গ. ضَمِيْرٌ مَنْصُوْبٌ مُتَّصِلٌ

ঘ. ضَمِيْرٌ مَنْصُوْبٌ مُنْفَصِلٌ ঙ. ضَمِيْرٌ مَجْرُوْرٌ مُتَّصِلٌ


ضمير
مرفوع (কর্তৃকারক সর্বনাম)
منصوب (কর্মকারক সর্বনাম)
مجرور (সম্বন্ধ বাচক সর্বনাম)
متصل (যুক্ত)
منفصل (পৃথক)
متصل (যুক্ত)
منفصل (পৃথক)
متصل (যুক্ত)

অর্থ	ضَمِيْر مَرْفُوْع مُنْفَصِلْ	ضَمِيْر مَرْفُوْع مُتَّصِلْ	
সে (একজন পুরুষ)	هُوَ	فَعَلَ	....
তারা (দুজন পুরুষ)	هُمَا	فَعَلَا	ا
তারা (সকল পুরুষ)	هُمْ	فَعَلُوْا	وْا
সে (একজন স্ত্রী)	هِيَ	فَعَلَتْ	تْ
তারা (দুজন স্ত্রী)	هُمَا	فَعَلَتَا	تَا
তারা (সকল স্ত্রী)	هُنَّ	فَعَلْنَ	نَ
তুমি (একজন পুরুষ)	اَنْتَ	فَعَلْتَ	تَ
তোমরা (দুজন পুরুষ)	اَنْتُمَا	فَعَلْتُمَا	تُمَا
তোমরা (সকল পুরুষ)	اَنْتُمْ	فَعَلْتُمْ	تُمْ
তুমি (একজন স্ত্রী)	اَنْتِ	فَعَلْتِ	تِ
তোমরা (দুজন স্ত্রী)	اَنْتُمَا	فَعَلْتُمَا	تُمَا
তোমরা (সকল স্ত্রী)	اَنْتُنَّ	فَعَلْتُنَّ	تُنَّ
আমি (একজন পুং/স্ত্রী)	اَنَا	فَعَلْتُ	تُ
আমরা (দুজন/সকল পুরুষ/স্ত্রী)	نَحْنُ	فَعَلْنَا	نَا

ضَمِيْرُ مَجْرُوْرٍ مُتَّصِلْ		ضَمِيْرُ مَنْصُوْبٍ		
অর্থ	مُتَّصِلْ	অর্থ	مُنْفَصِلْ	مُتَّصِلْ
তার আছে (পুং)	لَهُ	তাকে (পুং)	اِيَّاهُ	فَعَلَهُ
তাদের দুজনের আছে (পুং)	لَهُمَا	তাদের দুজনকে (পুং)	اِيَّاهُمَا	فَعَلَهُمَا
তাদের সকলের আছে (পুং)	لَهُمْ	তাদের সকলকে (পুং)	اِيَّاهُمْ	فَعَلَهُمْ
তার আছে (স্ত্রী)	لَهَا	তাকে (স্ত্রী)	اِيَّاهَا	فَعَلَهَا
তাদের দুজনের আছে (স্ত্রী)	لَهُمَا	তাদের দুজনকে (স্ত্রী)	اِيَّاهُمَا	فَعَلَهُمَا
তাদের সকলের আছে (স্ত্রী)	لَهُنَّ	তাদের সকলকে (স্ত্রী)	اِيَّاهُنَّ	فَعَلَهُنَّ
তোমার আছে (পুং)	لَكَ	তোমাকে (পুং)	اِيَّاكَ	فَعَلَكَ
তোমাদের দুজনের আছে (পুং)	لَكُمَا	তোমাদের দুজনকে (পুং)	اِيَّاكُمَا	فَعَلَكُمَا
তোমাদের সকলের আছে (পুং)	لَكُمْ	তোমাদের সকলকে (পুং)	اِيَّاكُمْ	فَعَلَكُمْ
তোমার আছে (স্ত্রী)	لَكِ	তোমাকে (স্ত্রী)	اِيَّاكِ	فَعَلَكِ
তোমাদের দুজনের আছে (স্ত্রী)	لَكُمَا	তোমাদের দুজনকে (স্ত্রী)	اِيَّاكُمَا	فَعَلَكُمَا
তোমাদের সকলের আছে (স্ত্রী)	لَكُنَّ	তোমাদের সকলকে (স্ত্রী)	اِيَّاكُنَّ	فَعَلَكُنَّ
আমার আছে (পুং/স্ত্রী)	لِيْ	আমাকে (পুং/স্ত্রী)	اِيَّايَ	فَعَلَنِيْ
আমাদের আছে (পুং/স্ত্রী)	لَنَا	আমাদেরকে (পুং/স্ত্রী)	اِيَّانَا	فَعَلَنَا

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। ضَمِيْر কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। ضَمِيْر مَرْفُوْع مُنْفَصِلْ কয়টি? ধারাবাহিকভাবে ضَمِيْر গুলো লেখ।

৩। ضَمِيْر مَجْرُوْرِ مُتَّصِلْ কয়টি ও কী কী? লেখ।

গ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১। هِىَ হলো وَاحِدِ مُؤَنَّثْ -এর ضَمِيْر । ( )

২। اَنْتُمَا হলো বহুবচনের ضَمِيْر । ( )

৩। هُمَا দুজন পুরুষ/মহিলার পরিবর্তে ব্যবহৃত হয়। ( )

৪। أَنْتُمْ অর্থ হলো তোমরা সকল স্ত্রী। ( )

৫। ضَمِيْر কোনো اِسْمْ -এর পরিবর্তে ব্যবহৃত হয়। ( )

اَلدَّرْسُ الرَّابِعُ : চতুর্থ পাঠ

اَلْمَوْصُوْفُ وَالصِّفَةُ

মাওসূফ ও সিফাত

উদাহরণ

قَلَمٌ جَدِيْدٌ	নতুন কলম।
عِلْمٌ نَافِعٌ	উপকারি বিদ্যা।
لِبَاسٌ جَمِيْلٌ	সুন্দর পোশাক।
فَاكِهَةٌ لَذِيْذَةٌ	সুস্বাদু ফল।
سَيَّارَةٌ خَاصَّةٌ	প্রাইভেট কার।

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। প্রতিটি বাক্যাংশের দ্বিতীয় اِسْمٌ টি প্রথম اِسْمٌ -এর গুণ বা দোষ বর্ণনা করছে। দ্বিতীয়টি اِسْمٌ কে صِفَةٌ এবং প্রথমটি اِسْمٌ কে مَوْصُوْفٌ বলে।

নিয়মাবলি

১। যে اِسْمٌ দ্বারা অন্য কোনো اِسْمٌ -এর গুণ বা দোষ বর্ণনা করা হয়, তাকে صِفَةٌ বলা হয়।

২। যে اِسْمٌ -এর গুণ বা দোষ বর্ণনা করা হয়, তাকে مَوْصُوْفٌ বলা হয়।

৩। صِفَةٌ পরে বসে مَوْصُوْفٌ আগে বসে। যেমন- قَلَمٌ جَدِيْدٌ - নতুন কলম। এখানে قَلَمٌ হলো مَوْصُوْفٌ এবং جَدِيْدٌ হলো صِفَةٌ

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। مَوْصُوْفٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। صِفَةٌ কাকে বলে? উদাহরণসহ লেখ।

৩। مَوْصُوْفٌ ও صِفَةٌ নির্ণয় কর :

مَاءٌ عَذْبٌ دَوَاءٌ مُضِرٌّ ضَيْفٌ كَرِيْمٌ مَدْرَسَةٌ دِيْنِيَّةٌ لَبَنٌ أَبْيَض مَدْرَسَةٌ اِبْتِدَائِيَّةٌ فَاكِهَةٌ لَذِيْذَةٌ حَقِيْبَةٌ صَغِيْرَةٌ عِلْمٌ نَافِعٌ

গ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লেখ :

১। যে اِسْمٌ -এর গুণ বা দোষ বর্ণনা করা হয়, তাকে صِفَةٌ বলে। ( )

২। فَاكِهَةٌ لَذِيْذَةٌ বাক্যে لَذِيْذَةٌ হলো صِفَةٌ । ( )

৩। سَيَّارَةٌ خَاصَّةٌ বাক্যে سَيَّارَةٌহলো مَوْصُوْفٌ ( )

৪। যে اِسْمٌ দ্বারা দোষ বা গুণ বর্ণনা করা হয়, তাকে صِفَةٌ বলে। ( )

৫। নীল আসমান বাক্যে নীল হলো مَوْصُوْفٌ । ( )

ঘ. শূন্যস্থান পূরণ কর :

১। যে اِسْمٌ দ্বারা অন্য কোনো اِسْمٌ -এর গুণ বা দোষ বর্ণনা করা হয়, তাকে ...... বলে।

২। যে اِسْمٌ -এর গুণ বা দোষ বর্ণনা করা হয়, তাকে .... বলে।

৩। قَلَمٌ جَدِيْدٌ বাক্যে جَدِيْدٌ হলো................ ।

৪। فَاكِهَةٌ لَذِيْذَةٌ বাক্যের অর্থ .... ।

اَلْدَّرْسُ اَلْـخَامِسُ : পঞ্চম পাঠ

أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ

ইস্তিফহামের হরফসমূহ

উদাহরণ

مَنْ هٰذَا الرَّجُلُ ؟	লোকটি কে?
مَاذَا رَأَيْتَ ؟	তুমি কী দেখলে?
كَيْفَ حَالُكَ ؟	তুমি কেমন আছ?
أَيْنَ ذَهَبْتَ ؟	তুমি কোথায় গেলে?
مَتَى رَجَعْتَ ؟	তুমি কখন ফিরে আসলে?

আলোচনা

উপরের উদাহরণগুলোর প্রতি লক্ষ্য কর। প্রত্যেক উদাহরণে এক একটি প্রশ্নকারী শব্দ আছে। এ প্রশ্নবোধক শব্দগুলোকে একত্রে أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ বলে।

নিয়মাবলি

أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ-এর পরিচয় : যেসব শব্দ দ্বারা কোনো কিছু সম্পর্কে প্রশ্ন করা হয়, তাকে أَدَوَاتُ الْاِسْـتِفْهَامِ বলে। أَدَوَاتُ الْاِسْـتِفْهَامِ সাধারণত বাক্যের প্রথমে বসে। যেমন–

لِمَاذَا غِبْتَ بِالْأَمْسِ؟ - তুমি কেন গতকাল অনুপস্থিত ছিলে?

كَمْ طَالِبًا فِي فَصْلِكَ؟ - তোমার ক্লাসে কতজন ছাত্র?

لِمَنْ هٰذَا الْقَلَمُ؟ - এ কলমটি কার?

أَدَوَاتُ الاِسْتِفْهَامِ-এর হরফসমূহ :

اِسْتِفْهَامٌ-এর হরফ ১৩টি। যথা-

১	مَنْ - কে?	৪	كَمْ - কত?	৭	كَيْفَ - কেমন?	১০	اَيَّانَ - কখন?
২	مَتٰى - কখন?	৫	هَلْ - কি?	৮	اَىُّ - কোনটি?	১১	لِمَنْ - কার?
৩	مَاذَا/مَا - কী?	৬	لِمَ/لِمَاذَا - কেন?	৯	اَيْنَ - কোথায়?	১২	اَنّٰى - কোথা থেকে?

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। أَدَوَاتُ الاِسْتِفْهَامِ কাকে বলে? উদাহরণসহ লেখ।।

২। যে কোনো পাঁচটি أَدَوَاتُ الاِسْتِفْهَامِ অর্থসহ লেখ।

৩। أَدَوَاتُ الْاِسْتِفْهَامِ কয়টি ও কী কী? উদাহরণসহ লেখ।

খ. ভুল হলে 'ভু' এবং শুদ্ধ হলে 'শু' লিখ :

১। أَدَوَاتُ الاِسْتِفْهَامِ হলো ইঙ্গিত করার শব্দাবলি। ( )

২। اَيْنَ অর্থ কোথায়? ( )

৩। هَلْ অর্থ কেন? ( )

৪। لِمَنْ অর্থ কার? ( )

গ. শূন্যস্থান পূরণ কর :

১। أَدَوَاتُ الاِسْتِفْهَامِ সাধারণত বাক্যের .... বসে।

২। اَلْاِسْتِفْهَامِ অর্থ .... ।

اَلدَّرْسُ السَّادِسُ : ষষ্ঠ পাঠ

أَسْمَاءُ الْإِشَارَةِ

ইসমে ইশারাসমূহ

উদাহরণ

(الف)		(ب)	
هٰذَا كِتَابٌ	এটি একটি বই।	هٰذِهٖ بَقَرَةٌ	এটি একটি গাভী।
هٰذَانِ كِتَابَانِ	এ দুটি বই।	هَاتَانِ بَقَرَتَانِ	এ দুটি গাভী।
هٰؤُلَاءِ كُتُبٌ	এগুলো বই।	هٰؤُلَاءِ بَقَرَاتٌ	এগুলো গাভী।
(ج)		(د)	
ذٰلِكَ كِتَابٌ	ঐটি একটি বই।	تِلْكَ بَقَرَةٌ	ঐটি একটি গাভী।
ذٰلِكَ كِتَابَانِ	ঐ দুটি বই।	تَانِكَ بَقَرَتَانِ	ঐটি দুটি গাভী।
اُوْلٰئِكَ كُتُبٌ	ঐগুলো বই।	اُوْلٰئِكَ بَقَرَاتٌ	ঐগুলো গাভী।

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। (الف) অংশের নিম্নরেখাবিশিষ্ট শব্দগুলো নিকটে অবস্থানকারী পুরুষজাতীয় বস্তুর প্রতি ইঙ্গিত করছে। (ب) অংশের নিম্নরেখাবিশিষ্ট শব্দগুলো নিকটে অবস্থানকারী স্ত্রীজাতীয় প্রাণীর প্রতি ইঙ্গিত করছে। (ج) অংশের নিম্নরেখাবিশিষ্ট শব্দাবলি দূরবর্তী কোনো পুরুষজাতীয় বস্তুর প্রতি ইঙ্গিত করছে। (د) অংশের নিম্নরেখাবিশিষ্ট শব্দাবলি দূরবর্তী স্ত্রীজাতীয় প্রাণীর প্রতি ইঙ্গিত করছে।

নিয়মাবলি

أَسْمَاءُ الْإِشَارَةْ-এর পরিচয় : যেসব اِسْمٌ নিকটের কিংবা দূরের ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, তাদেরকে أَسْمَاءُ الْإِشَارَةْ বলে। যেমন- هٰذَا مَسْجِدٌ এ বাক্যে هٰذَا নিকটবর্তী অর্থ বোঝায় এবং ذٰلِكَ مَسْجِدٌ বাক্যে ذٰلِكَ দূরবর্তী অর্থ বোঝায়।

أَسْمَاءُ الْإِشَارَةْ-এর প্রকার : এটি দু প্রকার। যথা–

১। أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْقَرِيْبِ : যে اِسْمٌ নিকটবর্তী কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, তাকে أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْقَرِيْبِ বলে। যেমন– هٰذَا أَخِيْ -এ আমার ভাই।

২। أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْبَعِيْدِ: যেসব اِسْمٌ দূরবর্তী কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, তাকে أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْبَعِيْدِ বলে। যেমন– ذٰلِكَ كِتَابٌ -ঐটি একটি বই।

أَسْمَاءُ الْإِشَارَةْ-এর সংখ্যা : أَسْمَاءُ الْإِشَارَةْ মোট ১২টি। যথা–

লিঙ্গ	أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْقَرِيْبِ		أَسْمَاءُ الْإِشَارَةِ لِلْبَعِيْدِ	
مُذَكَّرٌ (পুরুষ বাচক)	هٰذَا	এটা	ذٰلِكَ	ঐটি
	هٰذَانِ	এ দুটি	ذَانِكَ	ঐ দুটি
	هٰؤُلَاءِ	এগুলো	أُولٰئِكَ	ঐগুলো
مُؤَنَّثٌ (স্ত্রী বাচক)	هٰذِهٖ	এটি	تِلْكَ	ঐটি
	هَاتَانِ	এ দুটি	تَانِكَ	ঐ দুটি
	هٰؤُلَاءِ	এগুলো	أُولٰئِكَ	ঐগুলো

ব্যবহার বিধি : إِسْمُ الْإِشَارَةِ-এর ব্যবহারবিধি হলো-

১। إِسْمُ الْإِشَارَةِ সব সময় مُشَارٌ اِلَيْهِ তথা তার পরবর্তী শব্দ অনুযায়ী ব্যবহার হবে। অর্থাৎ, مذكر-এর জন্যে إِسْمُ الْإِشَارَةِ টিও مذكر হবে এবং مُؤَنَّثْ -এর জন্যে إِسْمُ الْإِشَارَةِ -টিও مُؤَنَّثْ হবে। যেমন- هٰذَا كِتَابٌ - এটা একটি বই , هٰذِهِ كُرَّاسَةٌ - এটি একটি খাতা।

২। বচনভেদেও مُشَارٌ اِلَيْهِ একবচনের ক্ষেত্রে إِسْمُ الْإِشَارَةِ -টি একবচনের হবে এবং مُشَارٌ اِلَيْهِ টি যদি تَثْنِيَةٌ বা جَمْع হয় তাহলে إِسْمُ الْإِشَارَةِ টিও تَثْنِيَةٌ বা جَمْع হবে। যেমন-

هٰذِهِ الْكُرَّاسَةُ	هٰذَا كِتَابٌ
هَاتَانِ الْكُرَّاسَتَانِ	هٰذَانِ كِتَابَانِ
هَؤُلَاءِ الْكُرَّاسَاتُ	هَؤُلَاءِ كُتُب

اَلتَّدْرِيْبَاتُ : অনুশীলনী

ক. প্রশ্নাবলির উত্তর দাও :

১। أَسْمَاءُ الْإِشَارَةْ কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। أَسْمَاءُ الْإِشَارَةْ কত প্রকার ও কী কী? উদাহরণ দাও।

৩। أَسْمَاءُ الْإِشَارَةْ لِلْقَرِيْبِ কাকে বলে? উহা কয়টি? লেখ।

৪। أَسْمَاءُ الْإِشَارَةْ لِلْبَعِيْدِ কাকে বলে? উহা কয়টি? লেখ।

৫। أَسْمَاءُ الْإِشَارَةْ কয়টি ও কী কী?

গ. শূন্যস্থান পূরণ কর :

১। هٰذَا قَلَمٌ বাক্যে هٰذَا ইসমটি ....।

২। تِلْكَ دَجَاجَةٌ বাক্যে تِلْكَ ইসমটি ....।

৩। যে اِسْمٌ নিকটের ব্যক্তি বা বস্তুর প্রতি ইঙ্গিত করে, তাকে .... বলে।

اَلدَّرْسُ السَّابِعُ : সপ্তম পাঠ

اَلْمُرَكَّبُ وَ الْـجُمْلَةُ

মুরাক্কাব ও জুমলা

উদাহরণ

(الف)		(ب)	
خَالِدٌ سَائِقٌ	খালেদ একজন ড্রাইভার	غُلَامُ زَيْدٍ	যায়েদের গোলাম
هُوَ عَالِمٌ	তিনি একজন জ্ঞানী	كِتَابٌ جَدِيْدٌ	নতুন বই
عِنْدِىْ مَالٌ	আমার নিকট সম্পদ আছে	أَحَدَ عَشَرَ	এগারো
اَلْقُرْآنُ كَلَامُ اللّٰهِ	কুরআন আল্লাহর বাণী	بَعَلَبَكَّ	বাআলাবাক্কা শহর
سَافَرَ الْمُسْلِمُوْنَ إِلٰى الْكَعْبَةِ	মুসলমানগণ কাবার উদ্দেশ্যে ভ্রমণ করলেন	سِيبْوَيْهْ	সিবওয়াইহ

আলোচনা

উপরের উদাহরণগুলো লক্ষ্য কর। (الـف) অংশের বাক্যগুলো দুটি, তিনটি বা চারটি শব্দের সমন্বয়ে গঠিত এমন বাক্য যা অর্থপূর্ণ হয়েছে এবং পাঠক/শ্রোতা পূর্ণঅর্থ বুঝতে সক্ষম। কিন্তু (ب) অংশে দুটি শব্দের সমন্বয়ে বাক্যরূপ হলেও তা অর্থপূর্ণ হয়নি এবং পাঠক/শ্রোতা পূর্ণঅর্থ বুঝতে সক্ষম নয়।

নিয়মাবলি

مُرَكَّبٌ-এর সংজ্ঞা : দুই বা ততোধিক অর্থবোধক শব্দ দ্বারা গঠিত বক্তব্য বা বচনকে مُرَكَّبٌ তথা যৌগিক বলে। যেমন- غُلَامُ زَيْـدٍ - যায়েদের গোলাম; كِتَـابٌ جَدِيْـدٌ - নতুন বই, ثَلَاثَةُ أَقْلَامٍ - তিনটি কলম ইত্যাদি।

مُرَكَّبْ-এর প্রকার : আরবি ভাষায় مُرَكَّبْ পাঁচ প্রকার। যথা-

১. مُرَكَّبِ إِضَافِيْ : مُضَافْ ও مُضَافْ إِلَيْه দ্বারা গঠিত বাক্যাংশ। যেমন- رَسُوْلُ اللهِ - আল্লাহর রসূল।

২. مُرَكَّبِ تَوْصِيْفِيْ : صِفَةْ ও مَوْصُوْفْ দ্বারা গঠিত বাক্যাংশ । যেমন- كِتَابُ جَدِيْدٍ - নতুন বই।

৩. مُرَكَّبِ بِنَائِيْ : এমন দুটি শব্দের মিলিত রূপ যার দ্বিতীয়টির প্রথমে একটি حَرْفِ عَطْف উহ্য থাকে। যেমন- أَحَدَ عَشَرَ এটি মূলত أَحَدٌ وَّ عَشَرٌ ছিল।

৪. مُرَكَّبِ مَنْعِ صَرْفِ : যে দুটি শব্দের স্ব-স্ব অর্থ বিলুপ্ত হয়ে নতুন অর্থ প্রকাশ করে। যেমন- بَعَلَبَكَّ (একটি শহরের নাম)। শব্দে بَعْلُ - মূর্তি بَكُّ - জনৈক বাদশা। কিন্তু উভয়শব্দ যৌগিকভাবে একটি শহরের নাম হয়েছে।

৫. مُرَكَّبِ صَوْتِي : ধ্বনিসূচক কোনো শব্দ অন্য শব্দের সাথে মিলিত হওয়া। যেমন- سِيْبَوَيْهْ (সিবওয়াইহ); এখানে ويه শব্দটি ধ্বনিসূচক শব্দ।

جُمْلَةٌ-এর পরিচয় : যে শব্দ সমষ্টি দ্বারা বক্তার মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ পায় এবং শ্রোতাও সম্পূর্ণ অর্থ বুঝতে পারে, তাকে جُمْلَةٌ বা مُرَكَّب تَامْ বলে। প্রকাশ থাকে যে, جُمْلَةٌ-এর মাঝে বক্তার মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হবে যাতে শ্রোতার মনে কোনোরূপ প্রশ্ন জাগবে না। আরবিতে جُمْلَةٌ -এর অপর নাম كَلَامْ সুতরাং বাক্য হতে হলে নিম্নের তিনটি বিষয় থাকতে হবে। যথা-

১. কমপক্ষে দুটি كَلِمَةٌ বা পদ পরস্পর সম্পর্কযুক্ত হতে হবে।

২. দুটির একটি مُسْنَدْ اِلَيْهِ অর্থাৎ, যার প্রতি সম্পর্ক প্রদত্ত হতে হবে।

৩. অপরটি مُسْنَدْ অর্থাৎ, সম্পর্কিত হওয়ার উপযোগী হতে হবে।

جُمْلَةٌ-এর প্রকার : جُمْلَةٌ দু প্রকার। যথা-

১. اَلْجُمْلَةُ الْخَبَرِيَّةُ - বর্ণনামূলক বাক্য।

২. اَلْجُمْلَةُ الإِنْشَائِيَّةُ - রচনামূলক বাক্য।

